রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ১৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৭, ২০২৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৮১—২৮৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪০১—৪১৯ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪১৭—৪৪০ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............................ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ২৪ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ/০৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-০১/২০২৩-১৩৮**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে গাজীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোহাম্মদ নাজমুল হক, পিতা-মৃত মোহাম্মদ কাইয়ুম সরকার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগদান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**মবিঅ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ

নং **৩২.০০.০০০০.০২৯.০৬.০৭৩.১৯.৭৪**—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নোক্তভাবে বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর মূল কমিটি নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো :

**সভাপতি**

০১। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সহসভাপতি**

০২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

০৩। বেগম সেলিনা বেগম স্বপ্না, সাবেক সংসদ সদস্য, স্টেশন রোড, ডাকঘরঃ সিরাজগঞ্জ, থানাঃ সিরাজগঞ্জ সদর, জেলাঃ সিরাজগঞ্জ।

০৪। বেগম কোহিনুর হোসেন খান, বাসা নম্বরঃ ৪৮০/১, নয়াটোলা চেয়ারম্যান গলি, মগবাজার, ঢাকা-১২১৭।

০৫। শিরিন নাঈম পুনম, সাবেক সংসদ সদস্য, বাসা নম্বরঃ ২৭, চামেলী বাগ, ফ্ল্যাট নম্বরঃ ২১/এ/১, (কনকর্ড টুইন টাওয়ার মার্কেটের ২১ তলা), শান্তিনগর, ঢাকা।

০৬। বেগম আয়েশা মোকাররম, বাসা নম্বরঃ ৪/১, নিলাম্বর সাহা রোড, হাজারীবাগ, ঢাকা।

০৭। সৈয়দা উম্মে কুলসুম রেনু, বাসা নম্বরঃ ৩৭৫, পশ্চিম শেওড়াপাড়া, ঢাকা-১২১৬।

০৮। শাহনাজ হাবিব, পিতাঃ ফজলুর রহমান মোল্লা, ৩৫২ নং হাউজ, পূর্বাচল ১৪ নং লেন, উত্তর বাড্ডা, ঢাকা।

০৯। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

১০। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১১। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, কনকর্ড রয়্যাল কোর্ট (৬ষ্ঠ তলা), ২৭৫ জি, রোড নং-২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা।

১২। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা।

১৩। অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

১৪। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ১, পার্ক এভিনিউ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

১৫। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।

১৬। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১৭। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাইন্ডেশন (পিকেএসএফ), ঢাকা।

১৮। পরিচালক, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

১৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন, ৫৩/মহাখালী বা/এ (৫ম তলা), ঢাকা-১২১২।

২০। উপসচিব (মবিঅ-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

২১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

**পরিষদের কার্যপরিধি :**

(ক) নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা প্রতিষ্ঠানসমূহের অনুকূলে অনুদান বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা;

(খ) অনুদান খাতে প্রাপ্ত তহবিলের খরচ অনুমোদন;

(গ) পরিষদ বৎসরে অন্তত ০২ (দুই) বার সভায় মিলিত হবে;

(ঘ) কমিটির মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০১ (এক) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ হাবিব উল্লাহ বাহার**
উপসচিব (মবিঅ-২)।

---

**[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ

নং **৩২.০০.০০০০.০২৯.০৬.০৭৩.১৯.৭৫**—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত সেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নোক্তভাবে বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর উপকমিটি নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো :

**সমন্বয়ক**

০১। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।

**সদস্যবৃন্দ**

০২। বেগম সেলিনা বেগম স্বপ্না, সাবেক সংসদ সদস্য, স্টেশন রোড, ডাকঘরঃ সিরাজগঞ্জ, থানাঃ সিরাজগঞ্জ সদর, জেলাঃ সিরাজগঞ্জ।

০৩। বেগম কোহিনুর হোসেন খান, বাসা নম্বর: ৪৮০/১, নয়াটোলা চেয়ারম্যান গলি, মগবাজার, ঢাকা-১২১৭।

০৪। শিরিন নাঈম পুনম, সাবেক সংসদ সদস্য, বাসা নম্বর: ২৭, চামেলী বাগ, ফ্ল্যাট নম্বর: ২১/এ/১, (কনকর্ড টুইন টাওয়ার মার্কেটের ২১ তলা), শান্তিনগর, ঢাকা।

০৫। বেগম আয়েশা মোকাররম, বাসা নম্বর: ৪/১, নিলাম্বর সাহা রোড, হাজারীবাগ, ঢাকা।

০৬। সৈয়দা উম্মে কুলসুম রেনু, বাসা নম্বর: ৩৭৫, পশ্চিম শেওড়াপাড়া, ঢাকা-১২১৬।

০৭। শাহনাজ হাবিব, পিতা: ফজলুর রহমান মোল্লা, ৩৫২ নং হাউজ, পূর্বাচল ১৪ নং লেন, উত্তর বাড্ডা, ঢাকা।

০৮। মহাপরিচালক/প্রতিনিধি, এনজিও বিষয়ক ব্যুরো, ১, পার্ক এভিনিউ, মৎস্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৯। মহাপরিচালক/প্রতিনিধি, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১০। উপসচিব (মবিঅ-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

১১। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

**পরিষদের কার্যাবলি :**

(ক) সাধারণ ও বিশেষ অনুদানের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইকরণ;

(খ) যাচাই-বাছাইকৃত অনুদান প্রাপ্তি যোগ্য সমিতির তালিকা বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ)-এর মূল কমিটিতে সুপারিশসহ প্রেরণ;

(গ) উপ-কমিটি বৎসরে অন্তত ০৪ (চার) বার সভায় মিলিত হবে;

(ঘ) উক্ত কমিটি প্রয়োজনে যে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে;

(ঙ) উপ-কমিটির মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০১ (এক) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ হাবিব উল্লাহ বাহার**
উপসচিব (মবিঅ-২)।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ

নং **৩২.০০.০০০০.০২৯.০৬.০৭৩.১৯.৭৫**—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত সেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নোক্তভাবে বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর উপকমিটি নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো :

**সমন্বয়ক**

০১। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।

**সদস্যবৃন্দ**

০২। বেগম সেলিনা বেগম স্বপ্না, সাবেক সংসদ সদস্য, স্টেশন রোড, ডাকঘর: সিরাজগঞ্জ, থানা: সিরাজগঞ্জ সদর, জেলা: সিরাজগঞ্জ।

০৩। বেগম কোহিনুর হোসেন খান, বাসা নম্বর: ৪৮০/১, নয়াটোলা চেয়ারম্যান গলি, মগবাজার, ঢাকা-১২১৭।

০৪। শিরিন নাঈম পুনম, সাবেক সংসদ সদস্য, বাসা নম্বর: ২৭, চামেলী বাগ, ফ্ল্যাট নম্বর: ২১/এ/১, (কনকর্ড টুইন টাওয়ার মার্কেটের ২১ তলা), শান্তিনগর, ঢাকা।

০৫। বেগম আয়েশা মোকাররম, বাসা নম্বর: ৪/১, নিলাম্বর সাহা রোড, হাজারীবাগ, ঢাকা।

০৬। সৈয়দা উম্মে কুলসুম রেনু, বাসা নম্বর: ৩৭৫, পশ্চিম শেওড়াপাড়া, ঢাকা-১২১৬।

০৭। শাহনাজ হাবিব, পিতা: ফজলুর রহমান মোল্লা, ৩৫২ নং হাউজ, পূর্বাচল ১৪ নং লেন, উত্তর বাড্ডা, ঢাকা।

০৮। মহাপরিচালক/প্রতিনিধি, এনজিও বিষয়ক ব্যুরো, ১, পার্ক এভিনিউ, মৎস্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৯। মহাপরিচালক/প্রতিনিধি, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১০। উপসচিব (মবিঅ-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

১১। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

**পরিষদের কার্যপরিধি :**

(ক) নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা প্রতিষ্ঠানসমূহের অনুকূলে অনুদান বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা;

(খ) অনুদান খাতে প্রাপ্ত তহবিলের খরচ অনুমোদন;

(গ) পরিষদ বৎসরে অন্তত ০২ (দুই) বার সভায় মিলিত হবে;

(ঘ) উপকমিটির মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০১ (এক) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ হাবিব উল্লাহ বাহার**
উপসচিব (মবিঅ-২)।

**বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**প্রশাসন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০২ ফাল্গুন, ১৪২৯/১৫ ফেব্রুয়ারি ২০২৩

নং **২৮.০০.০০০০.০১৩.১৪.৭০.২০-৪০**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) এর ৬ ধারা অনুযায়ী ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, পিতা-মুহাম্মদ নাছির উদ্দিন চৌধুরী, গ্রামঃ চিনাইর, ডাকঘরঃ ভাতশালা, উপজেলাঃ ব্রাহ্মণবাড়িয়া সদর, জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া-কে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর সদস্য হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

০২। **নিয়োগের শর্তাবলি :**

ক. তিনি বর্তমানে অবসর উত্তর ছুটি (পি.আর.এল) ভোগরত অবস্থায় থাকলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উক্ত ছুটি স্থগিতের শর্তে এ নিয়োগ কার্যকর হবে;

খ. এ পদে তাঁর চাকরির মেয়াদ হবে ০৩ (তিন) বৎসর এবং এই মেয়াদ কার্যভার গ্রহণের তারিখ হতে কার্যকর হবে;

গ. তাঁর চাকরি কমিশনের সার্বক্ষণিক চাকরি হিসাবে বিবেচিত হবে এবং কমিশনে নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোনো চাকরিতে নিয়োজিত হতে পারবেন না;

ঘ. তিনি যে কোনো সময় ০১ (এক) মাসের নোটিশ প্রদানপূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন;

ঙ. তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ১১ ধারা প্রযোজ্য হবে;

চ. অর্থ বিভাগের ১৯-০৪-২০১৭ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১২৬.০০.০০১.১০-৮৭ অনুসারে তিনি মাসিক বেতন হিসাবে নির্ধারিত ৯৫,০০০/- (পঁচানব্বই হাজার) টাকা ও বাড়ি ভাড়া বাবদ নির্ধারিত ৫০,৬০০/- (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন। এছাড়াও তিনি তাঁর ব্যবহারের জন্য একটি সার্বক্ষণিক গাড়ী এবং তাঁর নিজের ও পরিবারের সদস্যদ্যের জন্য দেশের অভ্যন্তরে চিকিৎসা ব্যয় প্রাপ্য হবেন;

ছ. নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে (পোষ্যদের নামে) বিদ্যুৎ ও জ্বালানি খাতভুক্ত কোনো ব্যবসা পরিচালনা করতে পারবেন না;

জ. চাকরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) ও পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **২৮.০০.০০০০.০১৩.১৪.৭০.২০-৩৯**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) এর ৬ ধারা অনুযায়ী জনাব আবুল খায়ের মোঃ আমিনুর রহমান, পিতা-মোঃ আব্দুস সোবহান, গ্রামঃ শিংজানী, ডাকঘরঃ কোমরপুর, উপজেলাঃ গোবিন্দগঞ্জ, জেলাঃ গাইবান্ধা-কে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর সদস্য হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

০২। **নিয়োগের শর্তাবলি :**

ক. তিনি বর্তমানে অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) ভোগরত অবস্থায় থাকলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উক্ত ছুটি স্থগিতের শর্তে এ নিয়োগ কার্যকর হবে;

খ. এ পদে তাঁর চাকরির মেয়াদ হবে ০৩ (তিন) বৎসর এবং এই মেয়াদ কার্যভার গ্রহণের তারিখ হতে কার্যকর হবে;

গ. তাঁর চাকরি কমিশনের সার্বক্ষণিক চাকরি হিসাবে বিবেচিত হবে এবং কমিশনে নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোনো চাকরিতে নিয়োজিত হতে পারবেন না;

ঘ. তিনি যে কোনো সময় ০১ (এক) মাসের নোটিশ প্রদানপূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন;

ঙ. তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ১১ ধারা প্রযোজ্য হবে;

চ. অর্থ বিভাগের ১৯-০৪-২০১৭ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১২৬.০০.০০১.১০-৮৭ অনুসারে তিনি মাসিক বেতন হিসাবে নির্ধারিত ৯৫,০০০/- (পঁচানব্বই হাজার) টাকা ও বাড়ি ভাড়া বাবদ নির্ধারিত ৫০,৬০০/- (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন। এছাড়াও তিনি তাঁর ব্যবহারের জন্য একটি সার্বক্ষণিক গাড়ী এবং তাঁর নিজের ও পরিবারের সদস্যদের জন্য দেশের অভ্যন্তরে চিকিৎসা ব্যয় প্রাপ্য হবেন;

ছ. নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে (পোষ্যদের নামে) বিদ্যুৎ ও জ্বালানি খাতভুক্ত কোনো ব্যবসা পরিচালনা করতে পারবেন না;

জ. চাকরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) ও পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **২৮.০০.০০০০.০১৩.১৪.৭০.২০-৪১**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) এর ৬ ধারা অনুযায়ী ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি, পিতা- মোঃ আবুল কাশেম, গ্রামঃ গাজীপুর, ডাকঘরঃ গাজীপুর, উপজেলাঃ মুরাদনগর, জেলাঃ কুমিল্লা-কে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর সদস্য হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

০২। **নিয়োগের শর্তাবলি :**

ক. তিনি বর্তমানে অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) ভোগরত অবস্থায় থাকলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উক্ত ছুটি স্থগিতের শর্তে এ নিয়োগ কার্যকর হবে;

খ. এ পদে তাঁর চাকরির মেয়াদ হবে ০৩ (তিন) বৎসর এবং এই মেয়াদ কার্যভার গ্রহণের তারিখ হতে কার্যকর হবে;

গ. তাঁর চাকরি কমিশনের সার্বক্ষণিক চাকরি হিসাবে বিবেচিত হবে এবং কমিশনে নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোনো চাকরিতে নিয়োজিত হতে পারবেন না;

ঘ. তিনি যে কোনো সময় ০১ (এক) মাসের নোটিশ প্রদানপূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন;

ঙ. তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ১১ ধারা প্রযোজ্য হবে;

চ. অর্থ বিভাগের ১৯-০৪-২০১৭ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১২৬.০০.০০১.১০.৮৭ অনুসারে তিনি মাসিক বেতন হিসাবে নির্ধারিত ৯৫,০০০/- (পঁচানব্বই হাজার) টাকা ও বাড়ি ভাড়া বাবদ নির্ধারিত ৫০,৬০০/- (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন। এছাড়াও তিনি তাঁর ব্যবহারের জন্য একটি সার্বক্ষণিক গাড়ী এবং তাঁর নিজের ও পরিবারের সদস্যদের জন্য দেশের অভ্যন্তরে চিকিৎসা ব্যয় প্রাপ্য হবেন;

ছ. নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে (পোষ্যদের নামে) বিদ্যুৎ ও জ্বালানি খাতভুক্ত কোনো ব্যবসা পরিচালনা করতে পারবেন না;

জ. চাকরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) ও পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার**
সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ মাঘ ১৪২৯/১৩ ফেব্রুয়ারি ২০২৩

নং **৫৯.০০.০০০০.১১৭.২৭.০৮৫.২২-৪৬**—যেহেতু, ডাঃ মিতা রহমান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উত্তরখান ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয় যে, তিনি পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ, ঢাকা কর্তৃক ০৫-১১-২০১৯ তারিখ দুপুর ০১.০০ টায় ঢাকা জেলার সাভার উপজেলাধীন ভাকুর্তা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শনকালে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এছাড়া, ভাকুর্তা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসারের জন্য নির্ধারিত সাধারণ রোগী রেজিস্ট্রার, উপস্থিত কর্মচারীদের তথ্য এবং প্রাথমিক তদন্ত প্রতিবেদন অনুযায়ী তিনি জুলাই, ২০১৯ থেকে অক্টোবর, ২০১৯ পর্যন্ত ০৪ (চার) মাসে মোট ৪১ (একচল্লিশ) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তার উক্ত কার্যকলাপে মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা কার্যক্রম ব্যাহত হয়েছে এবং বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে;

০২। যেহেতু, পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক আনীত প্রস্তাবের ভিত্তিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) মোতবেক 'অসদাচরণ'র অভিযোগ আনয়নক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-৭২/২২ রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১৪-১২-২০২২ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৮৫.২২-২৮১ নং স্মারকে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০৩। যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। গত ০৭-০২-২০২৩ খ্রিঃ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহন করা হয়। তিনি জবাবে ও শুনানিতে বিভাগের বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণের কথা উল্লেখ করেন এবং বিলম্ব ও অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করেন। এছাড়া, তার শারীরিক অসুস্থতার কথা উল্লেখ করেন। তিনি ভবিষ্যতে তার দায়িত্ব পালনে অধিকতর সচেষ্ট থাকবেন এবং এমন কোন ভুল যেন না হয় সেই বিষয়ে সদা সতর্ক থাকবেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের জন্য তিনি বিনীত আবেদন জানান;

৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মিতা রহমান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উত্তরখান ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩ এর দফা (খ) মোতবেক **'অসদাচরণ (Misconduct)'** এর অভিযোগ আনয়ন করা হয়েছে এবং যেহেতু তিনি নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেছেন এবং মামলার দায় হতে অব্যাহতি প্রদানের জন্য তিনি বিনীত প্রার্থনা জানিয়েছেন;

৫। সেহেতু, সার্বিক বিষয় বিবেচনা করে ডাঃ মিতা রহমান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উত্তরখান ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকাকে ভবিষ্যতের জন্য সকর্ত করে তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩ এর দফা (খ) অনুযায়ী **'অসদাচরণ'র** অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তার অননুমোদিত অনুপস্থিতকাল তার ছুটি পাওনা সাপেক্ষে গড় বেতনে ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। এক্ষেত্রে দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনান্তে বর্ণিত কর্মকর্তার ৪১ (একচল্লিশ) দিন অননুমোদিত অনুপস্থিতকালের (ক) জুলাই, ২০১৯ মাসে ১৮ দিন (খ) আগস্ট, ২০১৯ মাসে ০৭ দিন (গ) সেপ্টেম্বর, ২০১৯ মাসে ০৮ দিন এবং (ঘ) অক্টোবর, ২০১৯ মাসে ০৮ দিন, গড় বেতনে ছুটি হিসেবে মঞ্জুরের আদেশ প্রদান করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল হাসান বাদল**
সচিব।

**চিকিৎসা শিক্ষা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩ ফাল্গুন ১৪২৯/১৬ ফেব্রুয়ারি ২০২৩

নং **৫৯.০০.০০০০.১৪১.০৬.০০২.২৩.৭৫**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ০৯-০২-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতবেক বেসরকারি মেডিকেল কলেজ এর এমবিবিএস কোর্সের এবং ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিট এর বিডিএস কোর্সের বিভিন্ন প্রকার ফি নিম্নরূপ পুনঃনির্ধারণ করা হলো :

(ক) **ভর্তি ফি:** ১৯,৪৪,০০০ (উনিশ লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা;

(খ) **ইন্টার্ণশিপ ফি:** ১,৮০,০০০ (এক লক্ষ আশি হাজার) টাকা (অপরিবর্তিত);

(গ) **টিউশন ফি:** টিউশন ফি ১০,০০০ (দশ হাজার) টাকা নির্ধারণের বিষয়ে বর্ণিত সভায় সর্বসম্মত আলোচনা হয়। উক্ত সভার আলোচনা ও 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টার কলেজ আইন, ২০২২' এর ২২ ধারা অনুসারে বেসরকারি মেডিকেল কলেজ হতে প্রাপ্ত প্রস্তাবের ভিত্তিতে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক টিউশন ফি অনুমোদিত হবে।

০২। পুনঃনির্ধারিত ফি'সমূহ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহবুবা বিলকিস**
উপসচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৯ মাঘ ১৪২৯/১২ ফেব্রুয়ারি ২০২৩

নং **৩০.০০.০০০০.০২৬.২২.০০১.২১.৫৩**—যেহেতু, "ড্রোন নিবন্ধন ও উড্ডয়ন নীতিমালা, ২০২০" এর অনুচ্ছেদ ১৪ মোতবেক নীতিমালা কার্যকর করার উদ্দেশ্যে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট সংস্থাসমূহের প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করা সম্ভব হয়নি, সেহেতু উক্ত অনুচ্ছেদে বর্ণিত সময়সীমা ০১ ফেব্রুয়ারি ২০২৩ হতে ৩০ এপ্রিল ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত বর্ধিতপূর্বক ভূতাপেক্ষভাবে অনুমোদন করা হলো।

তারিখ : ৩০ মাঘ ১৪২৯/১৩ ফেব্রুয়ারি ২০২৩

নং **৩০.০০.০০০০.০২৬.১৮.০০৩.২১.৫৪**—বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)-এর প্রস্তাবনা এবং অর্থ বিভাগের অনুমোদনের প্রেক্ষিতে Height Clearance Management System শীর্ষক মোবাইল অ্যাপ্লিকেশন ব্যবহার করে বাংলাদেশের বিমানবন্দরসমূহের Obstacle Limitation Surface (OLS)-এর মধ্যে কোনো স্থাপনা নির্মাণে ইচ্ছুক ভূমির মালিক/সংস্থা কর্তৃক নির্মিতব্য স্থাপনার ক্ষেত্রে প্রাপ্য সর্বোচ্চ উচ্চতা সম্পর্কে প্রাথমিক ধারণা প্রাপ্তি এবং চূড়ান্ত ছাড়পত্র প্রাপ্তি বিষয়ক পরিষেবার ফি/চার্জ নিম্নরূপে নির্ধারিত হলো :

| ক্র. নং | পরিষেবার নাম | পরিষেবার ফি (টাকা) |
|---|---|---|
| ০১. | প্রাথমিক ধারণা প্রাপ্তির নিমিত্ত প্রতিটি আবেদনের ফি/চার্জ | ১০০০/- (এক হাজার টাকা) মাত্র |
| ০২. | চূড়ান্ত ছাড়পত্র প্রাপ্তির নিমিত্ত প্রতিটি আবেদনের ফি/চার্জ | ৫০০০/- (পাঁচ হাজার টাকা) মাত্র |

০২। Obstacle Limitation Surface (OLS)-এর মধ্যে কোনো স্থাপনা নির্মাণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান Height Clearance Management System শীর্ষক মোবাইল অ্যাপ্লিকেশনটি ব্যবহার করে বিভিন্ন তথ্য ইনপুট দেওয়ার পর প্রাপ্য সর্বোচ্চ উচ্চতা সম্পর্কে প্রাথমিক ধারণা প্রাপ্তি অথবা চূড়ান্ত ছাড়পত্র প্রাপ্তির জন্য আবেদন দাখিল করার পূর্বেই Payment Gateway এর মাধ্যমে বর্ণিত পরিষেবা ফি/চার্জ জমা প্রদান করবেন, যা a2i ekpay এর মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড, কুর্মিটোলা, ঢাকা শাখায় বেবিচকের সংশ্লিষ্ট রাজস্ব আয়ের হিসাবে জমা হবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আহমেদ জামিল**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৫ মাঘ ১৪২৯/০৮ ফেব্রুয়ারি ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৭২.২০২১-৫৮**—যেহেতু, জনাব মোঃ নাজমুল হাসান (বিপি-৯১১৬১৭৮৩০৯), সহকারী পুলিশ সুপার, সাময়িক বরখাস্তকৃত এবং পুলিশ অধিদপ্তরে সংযুক্ত ও ইতোপূর্বে সহকারী পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহীতে কর্মরত থাকাকালে পুলিশ সুপার জনাব এস. এম ফজলুল হক ও ইতোপূর্বে র‍্যাব-৫, রাজশাহী তার মোবাইলে ফোন করেন। উক্ত ফোনালাপে কুরুচিপূর্ণ, অশালীন, শিষ্ঠাচার বহির্ভূত ও স্পর্শকাতর কথোপকথন হয়, যা সামাজিক যোগাযোগ মাধ্যম ভাইরাল হয়। বর্ণিত ফোনালাপের অভিযোগে তাকে সাময়িক বরখাস্ত করা হয় এবং বিভাগীয় মামলা রুজু করা করে গত ১৮-০১-২০২২ তারিখ ২৫ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। তৎপ্রেক্ষিতে গত ১২-০২-২০২২ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ২২-০৫-২০২২ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানিতে পক্ষগণের প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি বিবেচনা করে অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য জনাব মোহাম্মদ আব্দুল্লাহীল বাকী বিপিএম-সেবা (বিপি-৭৫০১০২০৮৮২), অতিরিক্ত ডিআইজি, পুলিশ অধিদপ্তর, ঢাকা-কে গত ২৭-০৭-২০২২ উক্ত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক গত ২৯-১১-২০২২ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ নাজমুল হাসান (বিপি-৯১১৬১৭৮৩০৯), সহকারী পুলিশ সুপার, সাময়িক বরখাস্তকৃত এবং পুলিশ অধিদপ্তরে সংযুক্ত এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত ও সাক্ষ্য প্রমাণে প্রমাণিত হয়েছে; এবং

সেহেতু, জনাব মোঃ নাজমুল হাসান (বিপি-৯১১৬১৭৮৩০৯), সহকারী পুলিশ সুপার, সাময়িক বরখাস্তকৃত এবং পুলিশ অধিদপ্তরে সংযুক্ত এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতবেক "অসদাচরণ" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতবেক ০১ (এক) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" লঘুদণ্ড প্রদান করা হলো। একইসাথে এ বিভাগের গত ২৮ মে ২০২১ তারিখের ৪১০ নম্বর প্রজ্ঞাপনমূলে জারীকৃত তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৩ মাঘ ১৪২৯/০৬ ফেব্রুয়ারি ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩৫.২০২২-৫৪**—যেহেতু, জনাব মাহিদুল হাসান (বিপি-৯২১৮২২০৫২০), সহকারী পুলিশ সুপার, এপিবিএন এবং বিশেষায়িত ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ি-কে বিএসআর পার্ট-১ এর বিধি ৭৩ এর নোট ২ অনুযায়ী চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা সমীচীন মর্মে প্রতীয়মান হওয়ায় তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। তিনি বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমিনুল ইসলাম খান**
সিনিয়র সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ মাঘ ১৪২৯/০৮ ফেব্রুয়ারি ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১৭.২২-৬১**—জনাব মোঃ ছয়রুদ্দীন আহম্মেদ (বিপি-৬৭৯১০৩৭৮০০), সহকারী পুলিশ সুপার, ফকিরহাট সার্কেল, বাগেরহাট হিসবে কর্মকালে তাকে এ বিভাগের গত ১১-০৪-২০২২ তারিখের ৪৪.০০.০০০০.০৫৮.২৭. ০১৭.২১-১২৩ নম্বর প্রজ্ঞাপনমূলে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করার আদেশটি বাংলাদেশ সার্ভিস রুলস (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭৩ মোতাবেক প্রত্যাহার করা হলো।

০২। তার সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আমিনুল ইসলাম খান**
সিনিয়র সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ মাঘ ১৪২৯/০৮ ফেব্রুয়ারি ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৭০.২১-৬০**—যেহেতু, জনাব মোঃ আবদুছ ছালাম সরকার (বিপি-৬৬৮৯০৭৪৮৩৬), সহকারী পুলিশ সুপার, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহীতে কর্মকালে তার নামে বরাদ্দকৃত অতিরিক্ত পুলিশ সুপার কোয়ার্টার-১/ডি বাসায় বসবাসকালে একাডেমীর সরকারি লাইন ব্যবহার করার অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলার প্রস্তাব পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক কারণ দর্শাতে বলা হয়। তিনি জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন জানালে গত ০৮-০২-২০২৩ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

সেহেতু, জনাব মোঃ আবদুছ ছালাম সরকার (বিপি-৬৬৮৯০৭৪৮৩৬), সহকারী পুলিশ সুপার, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কৈফিয়ত তলবের জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, প্রাসঙ্গিক দলিলপত্রাদি, অভিযোগের প্রকৃতি ও মাত্রা বিবেচনায় এবং সার্বিক পর্যালোচনায় আনীত অভিযোগের সত্যতা প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমিনুল ইসলাম খান**
সিনিয়র সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ মাঘ ১৪২৯/০৮ ফেব্রুয়ারি ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৩.২০-৫৯**—জনাব মোঃ লিয়াকত হোসেন (বিপি-৬৬৯০১১৮১৪৮), সহকারী পুলিশ সুপার, সাময়িক বরখাস্তকৃত এবং পুলিশ অধিদপ্তরে সংযুক্ত ও ইতোপূর্বে সহকারী পুলিশ সুপার, পিটিসি, খুলনা হিসেবে কর্মকালে তাকে এ বিভাগের গত ০৯-১১-২০২০ তারিখের ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৩. ২০২০-২২৩ নম্বর প্রজ্ঞাপনমূলে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করার আদেশটি বাংলাদেশ সার্ভিস রুলস (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭৩ মোতাবেক প্রত্যাহার করা হলো।

০২। তার সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আমিনুল ইসলাম খান**
সিনিয়র সচিব।

## আইন-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ৩০ মাঘ ১৪২৯/১৩ ফেব্রুয়ারি ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১১.২০-২০৩**—গাজীপুর জেলার টঙ্গী পূর্ব থানার মামলা নং-০৪, তারিখ : ০১-০৮-২০২১ খ্রিঃ-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(অ)(আ)(ই)(ঈ)/৮/৯/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৫.২২-১৭৪**—পটুয়াখালী জেলার সদর থানার মামলা নং-১৭, তারিখ : ১৬-১১-২০১৫ খ্রিঃ-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(১)(২)/১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১১.২০-২০৫**—ঢাকা জেলার শেরেবাংলা নগর থানার মামলা নং-৪৯(০১)২২-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১১.২০-২০৪**—ময়মনসিংহ জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-৪১, তারিখ : ১২-০৪-২০২১ খ্রিঃ-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৫.২২-১৭২**—পটুয়াখালী জেলার সদর থানার মামলা নং-১০, তারিখ : ০৮-০৬-২০১৬ খ্রিঃ-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(১)(২)/১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৫.২২-১৭৩**—পটুয়াখালী জেলার সদর থানার মামলা নং-০২, তারিখ : ০১-০৭-২০১৬ খ্রিঃ-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(১)(২)/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৫.২২-১৭১**—পটুয়াখালী জেলার সদর থানার মামলা নং-১৪, তারিখ : ০৯-১০-২০১৫ খ্রিঃ-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(১)(২)/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।